



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০৬.২৪.৮৭

তারিখ: ৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

মোঃ আবুল বাশার, স্বত্বাধিকারী, মেসার্স আবুল এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১/৩৪০), ঠিকানাঃ দাগ- ১৩৫০,
মসজিদ রোড-৩/২, দক্ষিণ আনন্দ নগর, বাড্ডা, ঢাকা মোবাইলঃ ০১৭১৬৩৫১৫০৯।

**বিষয়: কোম্পানীর তালিকাভুক্ত ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আবুল এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১/৩৪০)
এর তালিকাভুক্তি বাতিলপূর্বক কালো তালিকাভুক্তকরণ প্রসঙ্গে।**

জনাব/মহোদয়,


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আবুল এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১/৩৪০)এর প্রতিনিধি মোঃ ইউসুফ জুবায়ের রাজধানী উত্তরার তুরাগ এলাকায় অবৈধভাবে বাড়ি বাড়ি গিয়ে গ্রাহককে জিজ্ঞাসাবাদ ও গ্রাহক হয়রানি করার একটি ভিডিও এবং গত ২১/১০/২০২৪ খ্রি. তারিখে দৈনিক আমার প্রাণের বাংলাদেশ পত্রিকায় প্রকাশিত হয়। আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি মোঃ ইউসুফ জুবায়ের গত ২২/১০/২০২৪ খ্রি. তারিখে মহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন ডিভিশন (উত্তর) মহোদয়ের নিকট স্বশরীরে উপস্থিত ঘটনাস্থলে গ্রাহক আজ্ঞানায় উপস্থিতির বিষয়টি সত্যতা স্বীকার করে লিখিত আবেদন করেন। প্রাপ্ত ভিডিও ক্লিপ ও পত্রিকার সংবাদ অনুযায়ী নিয়ম বহির্ভূতভাবে ঠিকাদার বা তার প্রতিনিধি কোম্পানীর কোন অনুমোদন ব্যতিরেকে বাড়ি বাড়ি গিয়ে গ্রাহককে জিজ্ঞাসাবাদ করা অসং উদ্দেশ্য প্রণোদিত। আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি কর্তৃক এহেন কার্যকলাপ গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৮, ১৫.১১ এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১, ৩.১.১ ধারার পরিপন্থী।

এমতাবস্থায়, গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৮, ১৫.১১ এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১, ৩.১.১ ধারা মোতাবেক এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আবুল এন্টারপ্রাইজ (ঠিকাদার সংকেত নং- ১.১/৩৪০) এর তালিকাভুক্তি বাতিলপূর্বক কালোতালিকাভুক্ত করা হলো। কালো তালিকাভুক্ত থাকা অবস্থায় আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল কার্যক্রম বন্ধ থাকবে।

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,



২৪-১০-২০২৪

মো. খালেদ মাকসুদ


উপমহাব্যবস্থাপক (মেটাবিবি-৪) ও সদস্য সচিব,
১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রণ কমিটি।

নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০৬.২৪.৮৭/১ (৭)

তারিখ: ৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি;
- ২। মহাব্যবস্থাপক (সকল);
- ৩। উপমহাব্যবস্থাপক (সকল);
- ৪। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৫। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৬। ব্যবস্থাপক (হিসাব)- সকল এবং
- ৭। উপমহাব্যবস্থাপক, সফটওয়্যার বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-কালো তালিকাভুক্তকরণের তথ্যাবলী ওয়েবসাইটে সন্নিবেশ করার অনুরোধসহ।



২৪-১০-২০২৪

মো. খালেদ মাকসুদ

উপমহাব্যবস্থাপক

সকল সংযুক্তিসমূহ:

- (১) তালিকাভুক্ত স্থগিত/ কালো তালিকাভুক্ত ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদ তালিকা